KMG-Geo(B & E)

# 2022

# GEOGRAPHY

**Time—Three Hours Fifteen Minutes**

*(First FIFTEEN minutes for reading the question paper only)*

**Full Marks — 90**

(For Regular and Sightless Regular Candidates)

**Full Marks — 100**

(For External and Sightless External Candidates)

*Special credit will be given for answers which are brief and to the point.*

*Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.*

DailyUseEnglishSentences.com

['ক' বিভাগ থেকে 'চ'বিভাগ পর্যন্ত প্রদত্ত প্রশ্ন **নিয়মিত** ও **বহিরাগত** সব পরীক্ষার্থীদের জন্য এবং 'ছ' বিভাগে প্রদত্ত প্রশ্ন **শুধুমাত্র বহিরাগত** পরীক্ষার্থীদের জন্য]

'ক' বিভাগে সকল প্রশ্ন আবশ্যিক, অন্য বিভাগে বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়। 'চ' বিভাগে কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীরা বিকল্প প্রশ্নের নির্দেশ অনুযায়ী উত্তর লিখবে। অন্য সকলে মানচিত্র চিহ্নিত করবে।

## বিভাগ — 'ক'

১। বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ ১×১৪=১৪

১.১ যে প্রক্রিয়ায় ভূমির উচ্চতা হ্রাস পায় তাকে বলে —

(ক) অগ্ন্যুদ্গম্ (খ) আরোহণ

(গ) সঞ্চয় কার্য (ঘ) অবরোহণ

১.২ দুটি নদী-অববাহিকার মধ্যবর্তী উচ্চভূমিকে বলে —

(ক) জলবিভাজিকা (খ) নদীমঞ্চ

(গ) স্বাভাবিক বাঁধ (ঘ) দোয়াব

১.৩ হিমবাহ সৃষ্ট হ্রদ হ'ল —

(ক) করি হ্রদ (খ) প্লায়া হ্রদ

(গ) অশ্বক্ষুরাকৃতি হ্রদ (ঘ) উপহ্রদ

১.৪ বায়ুর সঞ্চয়ের ফলে গঠিত সমভূমিকে বলে —

(ক) বালিয়াড়ি (খ) হামাদা

(গ) ড্রিয়ান (ঘ) লোয়েস

১.৫ সাহারা মরুভূমির লবণাক্ত হ্রদগুলিকে বলে —

(ক) শট্‌স (খ) বোলসন

(গ) ধান্দ্‌ (ঘ) তাল

১.৬ কেন্দ্রশাসিত অঞ্চল লাডাককে পৃথক করা হয়েছে —

(ক) তেলেঙ্গানা (খ) জম্মু ও কাশ্মীর

(গ) উত্তরাখণ্ড (ঘ) ঝাড়খণ্ড

১.৭ শিবালিক ও অবহিমালয়ের মধ্যে অবস্থিত উপত্যকাকে বলে —

(ক) ভাবর (খ) খাদার

(গ) কারেওয়া (ঘ) দুন

১.৮ ভারতের সর্ববৃহৎ নদী পরিকল্পনাটি হ'ল —

(ক) হিরাকুঁদ (খ) ভাকরা-নাঙ্গাল

(গ) নাগার্জুন সাগর (ঘ) রাণাপ্রতাপ সাগর

১.৯ 'মৌসুমি বিস্ফোরণ' প্রথমে দেখা যায় —

(ক) কেরলে (খ) কর্ণাটকে

(গ) মেঘালয়ে (ঘ) পশ্চিমবঙ্গে

১.১০ যে অঞ্চলে 'চন্দন' গাছ জন্মায় তা হ'ল —

(ক) ক্রান্তীয় চিরহরিৎ উদ্ভিদ (খ) ক্রান্তীয় পর্ণমোচী উদ্ভিদ

(গ) ক্রান্তীয় মরু উদ্ভিদ (ঘ) সরলবর্গীয় উদ্ভিদ

DailyUseEnglishSentences.com

১.১১ ভারতের কেন্দ্রীয় কফি গবেষণাগার অবস্থিত —

(ক) জোড়হাটে (খ) বেঙ্গালুরুতে

(গ) চিক্‌মাগালুরে (ঘ) কোয়েম্বাটোরে

১.১২ পশ্চিমবঙ্গের সর্বাধিক গুরুত্বপূর্ণ তথ্যপ্রযুক্তি শিল্পকেন্দ্র হ'ল —

(ক) দুর্গাপুরে (খ) খড়গপুরে

(গ) সেক্টর ৫, সল্টলেকে (ঘ) শিলিগুড়িতে

১.১৩ ভারতের আদমসুমারি অনুযায়ী একটি শহরের ন্যূনতম জনসংখ্যা হ'ল —

(ক) ৪০০০ (খ) ৫০০০

(গ) ৬০০০ (ঘ) ৭০০০

১.১৪ ভারতের বৃহত্তম বন্দর শহর হ'ল —

(ক) হলদিয়া (খ) চেন্নাই

(গ) কোলকাতা (ঘ) মুম্বই

## বিভাগ - 'খ'

২। ২.১ নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো (যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) ঃ ১×৬=৬

২.১.১ নদীর গতিবেগ পরিমাপের একক হ'ল কিউসেক।

২.১.২ সমুদ্রে ভাসমান বরফের স্তূপকে হিমশৈল বলে।

২.১.৩ শ্রীলঙ্কা ভারতের সীমানা সংযুক্ত একটি প্রতিবেশী রাষ্ট্র।

২.১.৪ ভারতের আরাবল্লি একটি নবীন ভঙ্গিল পর্বতের উদাহরণ।

২.১.৫ লোকটাক্ ভারতের বৃহত্তম উপহ্রদ।

২.১.৬ দেরাদুনে ভারতের কেন্দ্রীয় অরণ্য গবেষণাগার অবস্থিত।

২.১.৭ ভারতের একটি বনজভিত্তিক শিল্প হ'ল কাগজ শিল্প।



DailyUseEnglishSentences.com

২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) ঃ ১×৬=৬

২.২.১ নীল নদের বদ্বীপ ________ আকৃতির।

২.২.২ দুটি করির মধ্যবর্তী উচ্চ অংশকে ________ বলে।

২.২.৩ দক্ষিণ ভারতের সর্বোচ্চ শৃঙ্গ হ'ল ________ ।

২.২.৪ অরুণাচল প্রদেশে ব্রহ্মপুত্র ________ নামে পরিচিত।

২.২.৫ উত্তর-পশ্চিম ভারতে গ্রীষ্মকালে সৃষ্ট ধূলিঝড়কে বলে ________।

২.২.৬ ________ মৃত্তিকা ম্যানগ্রোভ অরণ্যের জন্য আদর্শ।

২.২.৭ জামনগর ________ শিল্পের জন্য বিখ্যাত।

২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও (যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) ঃ ১×৬=৬

২.৩.১ নদী বাঁকের কোন্ দিকে ক্ষয় বেশি ঘটে ?

২.৩.২ মেরু অঞ্চলে কোন্ উচ্চতায় হিমরেখা দেখা যায়।

২.৩.৩ বায়ুপ্রবাহের সমান্তরালে সৃষ্ট বালিয়াড়িগুলির নাম লেখো।

২.৩.৪ পশ্চিম হিমালয়ের 'তাল' কী ?

২.৩.৫ ভারতের কোন্ রাজ্যে গঙ্গানদীর নিম্নগতি দেখা যায় ?

২.৩.৬ পার্বত্য ঢালে ভূমিক্ষয় রোধের একটি কৃষি-পদ্ধতির নাম লেখো।

২.৩.৭ ভারতের কোন্ রাজ্য ইক্ষু উৎপাদনে প্রথম স্থানের অধিকারী ?

২.৩.৮ ভারতের প্রথম কাপড়ের কল কোথায় স্থাপিত হয়েছিল ?

২.৪ বামদিকের সাথে ডানদিকের গুলি মিলিয়ে লেখো ঃ ১×৪=৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ নামচা বারওয়া | ১. রাজস্থান |
| ২.৪.২ মাজুলি | ২. ওড়িশা |
| ২.৪.৩ মরুস্থলী | ৩. পূর্ব-হিমালয়ের শৃঙ্গ |
| ২.৪.৪ পারাদ্বীপ | ৪. ব্রহ্মপুত্র |

DailyUseEnglishSentences.com

## বিভাগ — 'গ'

৩। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়)ঃ ২×৬=১২

৩.১ পর্যায়ণের সংজ্ঞা দাও।

অথবা

পলল শঙ্কু কী ?

৩.২ পাদদেশীয় হিমবাহ বলতে কি বোঝো ?

অথবা

তির্যক বালিয়াড়ির সংজ্ঞা দাও।

৩.৩ 'ময়দান' বলতে কি বোঝো ?

অথবা

'কচ্ছের রণ' কী ?

৩.৪ 'পশ্চিমী ঝঞ্ঝার' সংজ্ঞা দাও।

অথবা

কৃষি বনসৃজন বলতে কি বোঝো ?

৩.৫ ধাপ চাষের সংজ্ঞা দাও।

অথবা

বাণিজ্যিক ফসল কী ?

৩.৬ 'বিশুদ্ধ কাঁচামাল' বলতে কি বোঝো ?

অথবা

'উত্তর-দক্ষিণ করিডর' কী ?

## বিভাগ — 'ঘ'

৪। সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ ৩×৪=১২

৪.১ উষ্ণ মরুঅঞ্চলে বায়ুর কার্যের প্রাধান্য দেখা যায় কেন, ব্যাখ্যা করো।

অথবা

উপনদী ও শাখানদীর মধ্যে পার্থক্য করো।



DailyUseEnglishSentences.com

৪.২ সুন্দরবন অঞ্চলের জলবায়ুর পরিবর্তনের তিনটি প্রভাব সংক্ষেপে ব্যাখ্যা করো।

**অথবা**

নদী উপত্যকা ও হিমবাহ উপত্যকার তিনটি পার্থক্য উল্লেখ করো।

৪.৩ পূর্বঘাট ও পশ্চিমঘাটের পর্বতমালার মধ্যে তিনটি পার্থক্য লেখো।

**অথবা**

ভারতের পশ্চিমবাহিনী নদী মোহনায় বদ্বীপ গড়ে ওঠেনি কেন ব্যাখ্যা করো।

৪.৪ ভারতের তথ্যপ্রযুক্তি শিল্পের উন্নতির তিনটি কারণ বিশ্লেষণ করো।

**অথবা**

গাঙ্গেয় সমভূমিতে জনঘনত্ব অত্যাধিক কেন ?

DailyUseEnglishSentences.com

## বিভাগ — 'ঙ'

**(দৃষ্টিহীন পরীক্ষার্থীদের ক্ষেত্রে চিত্রাঙ্কন আবশ্যিক নয়)**

৫। ৫.১ নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

৫.১.১ মধ্যগতিতে নদীর সঞ্চয়কার্যের ফলে গঠিত তিনটি ভূমিরূপের চিত্রসহ বর্ণনা দাও।

৫.১.২ হিমবাহের সঞ্চয়ের ফলে সৃষ্ট তিনটি ভূমিরূপের সচিত্র বিবরণ দাও।

৫.১.৩ বায়ুর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট তিনটি ভূমিরূপের সচিত্র বিবরণ দাও।

৫.১.৪ শুষ্ক অঞ্চলে বায়ু ও জলধারার মিলিত কার্যের ফলে গঠিত ভূমিরূপের বর্ণনা দাও।

৫.২ নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

৫.২.১ ভারতের পূর্ব ও পশ্চিম উপকূলীয় সমভূমির প্রাকৃতিক বৈশিষ্ট্যের পার্থক্য নিরূপণ করো।

৫.২.২ ভারতীয় জলবায়ুর প্রধান বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে বর্ণনা করো।

৫.২.৩ ভারতে ধান চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশের বিবরণ দাও।

৫.২.৪ পূর্ব-ভারতে লৌহ-ইস্পাত শিল্প-কেন্দ্রীভবনের কারণগুলি ব্যাখ্যা করো।

## বিভাগ — 'চ'

৬। প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা-মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও ঃ ১×১০=১০

৬.১ বিন্ধ্য পর্বত

৬.২ মালাবার উপকূল

৬.৩ কাবেরী নদী

৬.৪ একটি অতি অল্প বৃষ্টিপাতযুক্ত অঞ্চল।

৬.৫ একটি কৃষ্ণমৃত্তিকা অঞ্চল

৬.৬ উত্তর-পূর্ব ভারতের একটি চা উৎপাদক অঞ্চল।

৬.৭ পশ্চিমবঙ্গের একটি পেট্রো-রসায়ন-শিল্পকেন্দ্র।

৬.৮ একটি ভারী ইঞ্জিনিয়ারিং শিল্পকেন্দ্র।

৬.৯ পূর্ব-উপকূলের একটি কৃত্রিম পোতাশ্রয়যুক্ত বন্দর।

৬.১০ নতুন দিল্লি

**অথবা**

**[ শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য ]**

৬। নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১×১০=১০

৬.১ ভারতের রাজ্য পুনর্গঠনের মূল ভিত্তি কী ?

৬.২ ভারতের প্রাচীনতম পর্বতমালার নাম লেখো।

৬.৩ ভারতের প্রবাল দ্বীপপুঞ্জের নাম কী ?

৬.৪ ভারতের একটি শীতল মরুভূমির নাম লেখো।

৬.৫ কোন্ নদীর উপর ডিভিসি (DVC) পরিকল্পনা গড়ে তোলা হয়েছে ?

৬.৬ ভারতে প্রধান খরিফ শস্য কি ?

৬.৭ ভারতের সরলবর্গীয় অরণ্যের একটি উদ্ভিদের নাম করো।

DailyUseEnglishSentences.com

৬.৮ জোয়ার উৎপাদনে ভারতের কোন্ রাজ্য প্রথম ?

৬.৯ ভারতে কেন্দ্রীয় গম গবেষণাগার কোথায় অবস্থিত ?

৬.১০ ভারতের বৃহত্তম মোটরগাড়ি নির্মাণ সংস্থার নাম লেখো।

৬.১১ ভারতের বৃহত্তম পেট্রোরসায়ন শিল্পকেন্দ্রের নাম লেখো ?

৬.১২ পূর্ব ভারতের বৃহত্তম মহানগর কোন্‌টি ?

৬.১৩ মুম্বই-এর আন্তর্জাতিক বিমান বন্দরের নাম কী ?

৬.১৪ ভারতের কোন্ রাজ্যের স্বাক্ষরতার হার সবচেয়ে বেশি ?

## বিভাগ — 'ছ'

**[ শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য ]**

DailyUseEnglishSentences.com

৭। ৭.১ যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৩=৬

৭.১.১ ক্যানিয়ন কী ?

৭.১.২ 'বার্গস্রুণ্ড' কাকে বলে ?

৭.১.৩ 'ইনসেলবার্জ' বলতে কি বোঝো ?

৭.১.৪ 'কালবৈশাখী' কী ?

৭.২ যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

৭.২.১ উত্তর-পূর্ব ভারতের একটি মালভূমির নাম লেখো।

৭.২.২ ভারতের কোথায় 'বাগার' অবস্থিত ?

৭.২.৩ গঙ্গার একটি শাখানদীর নাম লেখো।

৭.২.৪ একটি তন্তু ফসলের নাম লেখো।

৭.২.৫ একটি কৃষি-ভিত্তিক শিল্পের উদাহরণ দাও।